## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৪৪শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২২শে শ্রাবণ বুধবার ১৩৬৪ ইংরাজী 7th Aug. 1957 { ১১শ সংখ্যা

১৬ই শ্রাবণ ১৮৭৯ শকাব্দ






হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।


## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### নিলামের দিন ৯ই সেপ্টেম্বর ১৯৫৭

১৯৫৩ সালের ডিক্রীজারী

৬৩ খাং ডিঃ ফুলচাঁদ শেঠী দেং হাজি আবদুল মজিদ বিশ্বাস দিং দাবি ৪৩৮/০ থানা রঘুনাথগঞ্জ মৌজে রামপুর ৫·৬৮ শতকের কাত ১৬৷৵১ আঃ ২০৲ খং ৭৩।১ রায়ত স্থিতিবান স্বত্ব

১৯৫৭ সালের ডিক্রীজারী

২২ খাং ডিঃ ফুলচাঁদ শেঠী দেং মেনকাসুন্দরী বর্ম্মণ্যা দাবি ১৩-৫ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে কুতুবপুর ও চক কুতুবপুর ৫৮ শতকের কাত ১৷৶৩ আঃ ৫৲ খং কুতুবপুর ১৩৭, চক কুতুবপুর ৫৫

৯০ খাং ডিঃ ঐ দেং সরলাসুন্দরী বর্ম্মণ্যা দিং দাবি ২৬-৫৬ নঃ পঃ মৌজাদি ঐ ৯-৮৬ শতকের কাত ২৯/১১ পাই আঃ ২৫৲ খং কুতুবপুর ১০৫, চক কুতুবপুর ৪৪

৮৫ খাং ডিঃ ঐ দেং শ্যামাপদ রায় দিং দাবি ২২-৯৭ নঃ পঃ থানা ঐ মৌজে নসীপুর ও কুতুবপুর ৬-৬৬ শতকের কাত ২৩/৫ আঃ ৫৲ খং নসীপুর ২৫, কুতুবপুর ১৫৭

৮৯ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২০-৮৪ নঃ পঃ থানা ঐ মৌজে নসীপুর ৬-৪২ শতকের কাত ১৯৶৮ আঃ ২৫৲ খং ২৪১

৯১ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২০-৮৪ নঃ পঃ মৌজাদি ঐ ৬-৬৪ শতকের কাত ১৫।৶/১১ আঃ ২৫৲ খং ২৪০

৮৬ খাং ডিঃ ধরমচাঁদ সেরাওগী দিং দেং বিষ্ণুচরণ রায় দাবি ১২৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে মিঠিপুর ৩৩ শতকের কাত ৮১ পাই আঃ ১০৲ খং ৫৪৮

৮৭ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৩-৬৭ নঃ পঃ মৌজাদি ঐ ৪৮ শতকের কাত ১॥৶৫ আঃ ১০৲ খং ৫৭২

৮৮ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৩-৮ নঃ পঃ মৌজাদি ঐ ৫২ শতকের কাত ১৷৵৫ পাই আঃ ১০৲ খং ৫৪৯

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২২শে শ্রাবণ বুধবার সন ১৩৬৪ সাল।

# ৭ই আগষ্ট

—•—

১৯০৫ খৃষ্টাব্দে বঙ্গভঙ্গের প্রতিষেধক মোক্ষম দাওয়াই "বিদেশী বর্জ্জন ও স্বদেশী গ্রহণ" জন্য রাষ্ট্র-গুরু স্বরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় প্রমুখ নেতৃবৃন্দ দেশ-বাসীকে স্বদেশী ব্রত গ্রহণে ব্রতী করাইতে সক্ষম হইয়াছিলেন।

এই ৭ই আগষ্ট ২২শে শ্রাবণ বঙ্গমাতা তাঁহার প্রতিভা-কিরণোজ্জ্বল স্থসন্তান কবীন্দ্র রবীন্দ্রকে হারাইয়াছেন। প্রতি বৎসর বঙ্গবাসিগণ এবং সমগ্র ভারত বেদনার সহিত এই দিন স্মরণ করিতেছে।

বঙ্গমাতার অতুলনীয় গুণসম্পন্ন স্থসন্তান দীন-দরদী প্রাক্তন রাজ্যপাল ডাঃ হরেন্দ্রকুমার মুখো-পাধ্যায় এই ৭ই আগষ্ট তারিখেই গত বৎসর জননী-জন্মভূমির কোল খালি করিয়া উর্দ্ধলোকে মহাপ্রয়াণ করিয়াছেন।

এই ৭ই আগষ্ট তারিখে আমাদের ভারত সরকার হাইদারাবাদ সফরে স্থিত রাষ্ট্রপতির নিকট বিশেষ দূত প্রেরণ করিয়া ধর্ম্মঘট করণেচ্ছু রাজ-কর্ম্মচারীদের সায়েস্তা করিবার জন্য জরুরী অর্ডিনান্সে স্বাক্ষর আনিয়া সজ্জিত হইয়াছেন।

## একজন বৃদ্ধের উপদেশ

"পান্তা ভাতে ফুঁ দিয়ে খাওয়া ভাল"। কি জানি যদিও বা ২ দিন আগে রান্না হয়েছে, তবুও সাবধানের বিনাশ নাই। আর একটা পুরোণো কথা আছে—"যব জানে যাঁতা জানে
যে পিষবে সে জানে।"
এক পক্ষের চাকর না রাখলে উপায় নাই, অপর পক্ষের চাকরী না করলে গত্যন্তর নাই কাজেই কোন পক্ষ না কোন পক্ষ "মল খসাবেই," তা সহজেই হোক আর "লোক হাসিয়েই" হোক।

## প্রায় পঁয়ত্রিশ বৎসর আগেকার কথা

চা বাগানের কুলিরা চা-কর সাহেবেদের অত্যা-চার না সহিতে পেরে, সব দলে দলে সপরিবারে চাঁদপুর পর্য্যন্ত চলে এসেছে। তখন ইংরাজ সরকার দু'জন আই. সি. এস. এর অধীনে সৈন্যদল দিয়া তাঁহাদের পাঠাইলেন কুলিদের চা-বাগানে ফেরত পাঠাইবার ব্যবস্থা করিতে। তখন জঙ্গিপুর সংবাদে শ্রীশ্রীশঙ্করাচার্য্য লিখিত "মোহ-মুদ্গরের" ব্যঙ্গ অনুকরণ "কুলি-মুদ্গর" বাহির হইল। তাই এখন পাঠক-পাঠিকাদের জন্য প্রকাশ করলাম।

## কুলি-মুদ্গর

—•—

দীন কুলিদল পেটের লাগি,
আপন জনম-ভূমি তেয়াগি,
সপরিবারে দূর বিদেশে,
খাটিয়া অন্ন করিত ক্লেশে।

দিন কাটাইত কষ্টে স্বষ্টে,
তদুপরি চাবুক পড়িত পৃষ্ঠে,
গালাগালি গুলি বড় আচ্ছা—
ড্যাম, শালা, শূয়ারকী বাচ্চা।

বে-ইজ্জত হতো জরু ও বেটী,
নীরবে সহিতে হইত সেটি।
মূর্খ, বেকুব—যত কুলিবর্গ
ছাড়িয়া চলিল এ হেন স্বর্গ।

দুঃখে কষ্টে চলিল দেশে,
রোধিল পন্থা আই. সি. এসে।
চা-কর হইতে চাকর বাড়া,
যা করে চা-কর করিল তারা

সাজিল সৈন্য সঙীন সঙ্গে,
দীন কুলি সহ সমর রঙ্গে।
ন্যায় বিচারে কলির চলনে,
হুজুর মাতিল মজুর দলনে।

শৌর্য্যে, বীর্য্যে সকলে ত্রস্ত,
পতঙ্গ বধিতে মাতঙ্গ ব্যস্ত,
মশক মারিতে তোপ সহস্র,
ভেক বধার্থে পাশুপতাস্ত্র।

অন্নাভাবে জর্জ্জর দেহ,
ঈশ্বর ভিন্ন নাহিক কেহ,
মৃত জন মারি ফলালি বিদ্যে,
রাখিলি কীর্ত্তি ভারত মধ্যে।

সাধুবৃন্দ করিয়া চেষ্টা,
বিধি ব্যবস্থা করিল শেষটা,
"সেই তো শেষে মল খসালি,
তবে কেন লোক হাসালি।"

এই কবিতা প্রকাশিত হইবার পর তখনকার জেলা ম্যাজিষ্ট্রেট চিঠি দ্বারা ডাকিয়া লইয়া গিয়া তখনকার সম্পাদককে জিজ্ঞাসা করিলেন—

"চা-কর হইতে চাকর বাড়া,
যা করে চা-কর করিল তারা।"

"হুম্ ডু ইউ মীন বাই দি সেকেণ্ড 'চাকর'? দ্বিতীয় 'চাকর' শব্দে কাহাদের মনে করিয়াছ? সম্পাদক উত্তর দিয়াছিলেন—

আই মীন্ দোজ, হু দেম্‌সেল্‌ভস্ আর মীন্। অর্থাৎ যাহারা নিজেরাই হীন তাহাদের মনে করিয়াছি। ম্যাজিষ্ট্রেট সাহেব হেসে তাঁহাকে বিদায় দিলেন। এ ক্ষেত্রে সাধুবৃন্দ জুটিবে কি না ভগবানই জানেন।

——

## নির্লোভী ভূপতি

রঘুনাথগঞ্জ পোষ্ট অফিসের সন্নিকটস্থ স্বর্গীয় মহেন্দ্রনাথ রায়ের (মানারাম চানাচুর বিক্রেতার) কনিষ্ঠ পুত্র শ্রীভূপতিভূষণ ওরফে ভূপা তাহার কর্ম্ম-স্থলে জনৈক গ্রাহকের কিঞ্চিন্ন্যূন দুই শত টাকার নোট কুড়াইয়া পায়। অনেক রাত্রে সেই ভদ্রলোক উক্ত প্রতিষ্ঠানে আসিয়া ভূপতিকে নোটের কথা বলায় সে তাঁহাকে নোটগুলি ফিরাইয়া দেয়। ভদ্র-লোকটী ভূপতির সততায় মুগ্ধ হন। এই ভেজালের যুগে ভূপতির নির্লোভতা বিশেষ প্রশংসনীয়।

——

## চিকিৎসকের পরলোক

সিরাজগঞ্জ হইতে আগত ডাঃ বীরেন্দ্রকুমার মজুমদার মহাশয় নিমতিতায় চিকিৎসা ব্যবসায় করিতেন। তিনি পরলোকগমন করিয়াছেন। মৃত্যুকালে তাঁহার বয়স ৫৬ বৎসর হইয়াছিল। তিনি মাতা, সহধর্ম্মিণী, চারি পুত্র ও তিন কন্যা রাখিয়া গিয়াছেন।

## গুণ্ডার কবলে পোষ্টাল পিয়ন

গত ৩১শে জুলাই বুধবার অরঙ্গাবাদ পোষ্ট অফিসের পিয়ন বাঘমড়িয়াপাড়া গ্রামে ফরিদ খাঁ বলিয়া অভিহিত এক দুর্বৃত্তের কবলে পড়ে। সেই সময়ে ঘটনাস্থলে লোক আসিয়া পড়ায় পিয়ন রক্ষা পায়। পুলিশ তদন্ত চলিতেছে। এরূপ ঘটনা এ অঞ্চলে ইতিপূর্ব্বে কখনও ঘটে নাই বলিয়া প্রকাশ।

## বিজ্ঞপ্তি

(১) রাধারঘাট—কান্দী রুট এবং (২) লালবাগ হইয়া বহরমপুর—কাতলামারী রুটে বাস সার্ভিস চালাইবার উদ্দেশ্যে স্থায়ী পারমিটের জন্য আবেদনকারীদের তালিকা তাঁহাদের যথাসম্ভব বিশদ বিবরণ সহ মুর্শিদাবাদের আঞ্চলিক পরিবহন কর্তৃপক্ষের বিজ্ঞপ্তি-ফলকে এবং উক্ত জেলার দূরবর্তী মহকুমা অফিসসমূহের বিজ্ঞপ্তি-ফলকে টাঙাইয়া রাখা হইয়াছে। এতদসংক্রান্ত কোন বক্তব্য থাকিলে তাহা এই বিজ্ঞপ্তি প্রকাশের ৩০ দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক গৃহীত হইবে। ষ্টেজ ক্যারেজ, পাবলিক ক্যারিয়ার ও কনট্রাক্ট ক্যারেজের পারমিটের পুনর্নবীকরণের জন্য আবেদনকারীদের তালিকা মুর্শিদাবাদের আঞ্চলিক পরিবহন কর্তৃপক্ষের বিজ্ঞপ্তি-ফলকে এবং উক্ত জেলার দূরবর্তী মহকুমা অফিসসমূহের বিজ্ঞপ্তি-ফলকেও টাঙ্গাইয়া দেওয়া হইয়াছে। এতদসংক্রান্ত কোন বক্তব্য থাকিলে তাহা এই বিজ্ঞপ্তি প্রকাশের ৩০ দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক গৃহীত হইবে। স্বাঃ আর, এন, রায়, সচিব, আঞ্চলিক পরিবহন কর্তৃপক্ষ, মুর্শিদাবাদ।

## ॥ শহীদবেদী ॥

॥ শ্রীমু-মো-দে ॥

॥ ১ ॥

চির প্রণম্য পুণ্য শহীদবেদী—
দধীচি-শোণিতে রচিত বুনাদ তব,
আত্মদানের কীর্ত্তি অভ্রভেদী
স্বদেশ-প্রেমের সুপ্রমাণ অভিনব।

॥ ২ ॥

ভারত-জননী বন্দিনী ছিল যবে
যুগ-যুগান্ত বৃটিশ-দুঃশাসনে,
বিচলিত হয়ে জাতির অগৌরবে
কালিমা মুছিল শহীদ মৃত্যুপণে।

॥ ৩ ॥

মুক্তিযজ্ঞে অর্পিল যত প্রাণ
ফাঁসিতে গুলীতে চরম যন্ত্রণায়,
'শহীদ-স্তম্ভ' রাখে স্মৃতি-খতিয়ান
দৃপ্ত গর্ব্বে অতীতের মহিমায়।

॥ ৪ ॥

মহাজীবনের আত্মার বিনিময়ে
লব্ধ আজাদী রক্ষিব করি পণ,
দেখিবে বিশ্ব অপলক বিস্ময়ে
দেশ ও সমাজ জাতির সংগঠন॥

## বহরমপুরে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী

গত ৪ঠা আগষ্ট রবিবার পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় লালগোলায় উন্মাদ চিকিৎসালয় স্থাপনের জন্য মনোনীত ভবন পরিদর্শনের পর সদলবলে মোটরযোগে ব্যারেক্ষ্টয়ারে আসেন। সেখানে আরব্ধ টেকনিক্যাল স্কুলের প্রস্তুতি দেখিয়া বেলা সাড়ে আট ঘটিকায় বহরমপুর কন্যা-মহাবিদ্যালয়ের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। অতঃপর বহরমপুর টেক্সটাইল ইনষ্টিটিউট ও বোর্ষ্টাল স্কুল পরিদর্শন করেন। সেখান হইতে বেলা সওয়া এগারটার সময় মহারাজ মণীন্দ্রচন্দ্র নন্দীর আবক্ষ মর্ম্মর-মূর্ত্তির আবরণ-উন্মোচন-অনুষ্ঠানে পৌরোহিত্য করার জন্য উপস্থিত হন। দ্বিপ্রহরে মুখ্যমন্ত্রী সদলবলে কলিকাতা ফিরিয়া গিয়াছেন।

## ছাত্রের কৃতিত্ব

রঘুনাথগঞ্জ হরিদাসনগরের স্বর্গীয় ডাঃ হরিদাস নাথ মহাশয়ের চতুর্থ পুত্র শ্রীমান্ কুমারজ্যোতি নাথ মুর্শিদাবাদ জেলার স্কুল ফাইনাল পরীক্ষার্থিগণের মধ্যে প্রথম স্থান অধিকার করিয়াছে। আমরা শ্রীমানের সাফল্যে আনন্দিত হইয়া তাহার ভবিষ্যৎ উন্নতি কামনা করিতেছি। সে রঘুনাথগঞ্জ উচ্চ বিদ্যালয়ের ছাত্র ছিল।

## রসধারা

॥ শ্রীমু-মো-দে ॥

**মর্য্যাদার মাপকাঠি**

দেশসেবীদের ত্যাগ অধীনতাকালে
পরিয়েছে যশোটীকা কর্ম্মী-নেতা ভালে।
স্বাধীন-দেশেতে সেই ত্যাগব্রতীদল
ভোগলালসায় মত্ত গুছাতে সম্বল।
সেদিন যাদের নামে জিন্দাবাদ জয়
তাদেরে জনতা আজ মুর্দ্দাবাদ কয়।

**পরিবার পরিকল্পনা**

'অধিক সন্তান হোক' আনন্দ কামনা
এ যুগে অচল স্রেফ অযুক্তি বাসনা।
আধুনিক পরিবার পরিকল্পনায়
'অসন্তানবতী হও' বল শুভেচ্ছায়।
গর্ভরোধে জন্মনাশ নহে মহাপাপ
মডার্ণ-সভ্যতা এই বৃথা মনস্তাপ!

**নারীচরিত্র**

পত্নীর পাইতে হ'লে প্রেমের পরশ
ভুলেও ক'রোনা অন্য নারীর সুযশ।

## বিজ্ঞপ্তি

সর্ব্বসাধারণের অবগতির জন্য জানান যাইতেছে যে জঙ্গিপুর মিউনিসিপ্যালিটির আগামী সাধারণ নির্ব্বাচনের চূড়ান্ত ভোটার তালিকা শনিবার ৩রা আগষ্ট, ১৯৫৭ তারিখে মিউনিসিপ্যাল আফিসে টাঙ্গাইয়া দেওয়া হইয়াছে। আফিস খোলা থাকাকালীন উহা দেখিতে পাওয়া যাইবে।

জঙ্গিপুর মিউনিসিপ্যাল আফিস
৩-৮-৫৭

স্বাঃ শ্রীমুক্তিপদ চট্টোপাধ্যায়,
পৌর-সভাপতি।

## দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৫১৫

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়





বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের
## আমলা কেশ তৈল




সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

KA-18



আমেরিকায় আবিষ্কৃত
## ইলেকট্রিক সলিউসন
— দ্বারা —
## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—




আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমুত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সুতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমুর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥০ টাকা ও মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



## অরবিন্দ এণ্ড সন্স

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ )

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্, সাইকেলের পার্টস এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, সাইকেল, ফটো-ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত